



বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

সাভার, ঢাকা-১৩৪৩

www.bpatc.org.bd

পরিকল্পনা শাখা

---



স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৪০.২৫.০২২.১৭.১০৭

তারিখ: ১০ আশ্বিন ১৪২৮

২৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সচিবালয় সংযুক্তি কার্যক্রম।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ও অন্যান্য ৭টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ৬ (ছয়) মাস মেয়াদি ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স গত ০৬ জুন ২০২১ হতে শুরু হয়েছে এবং আগামী ২৯ জানুয়ারি ২০২২ তারিখ কোর্সটি সমাপ্ত হবে। এ কোর্সে বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের মোট ৬২৪ জন নবীন কর্মকর্তা অংশগ্রহণ করছেন। বুনিয়াদি প্রশিক্ষণ কার্যক্রমের একটি অবিচ্ছেদ্য অংশ হলো সচিবালয় সংযুক্তি। সচিবালয় সংযুক্তি কার্যক্রমের মৌলিক উদ্দেশ্য হলো:

- প্রশিক্ষণার্থীদেরকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রশাসনিক কাঠামো, কার্যাবলী ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে সম্যক ধারণা প্রদান;
- একটি নীতি নির্ধারণী নথির কোন নির্দিষ্ট বিষয় শুরু থেকে চূড়ান্ত নিষ্পত্তি তথা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে অবহিতকরণ;
- বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নথি সংরক্ষণ, ব্যবস্থাপনা ও উপস্থাপনের নিয়ম-কানুন সম্পর্কে বাস্তব ধারণা প্রদান;

২। উল্লিখিত বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী ৬২৪ জন কর্মকর্তাকে তিন ভাগে বিভক্ত করে ৪৫ টি মন্ত্রণালয় ও বিভাগে আগামী ২৩-২৪ নভেম্বর ২০২১; ২৯-৩০ নভেম্বর ২০২১ এবং ১২-১৩ জানুয়ারি ২০২২ খ্রি. সকাল ১০.০০টা হতে বিকেল ৪.০০টা পর্যন্ত দু'দিনের জন্য সংযুক্তি প্রদানের জন্য প্রস্তাব করা হলো (তালিকা সংযুক্ত)। সচিবালয় সংযুক্তিকালে প্রত্যেক মন্ত্রণালয়ে ১২-১৪ জন প্রশিক্ষণার্থী সংযুক্ত থাকবেন। সচিবালয় সংযুক্তি কার্যক্রম সমাপনান্তে প্রত্যেক প্রশিক্ষণার্থী একটি প্রতিবেদন কোর্স ব্যবস্থাপনা টিমের নিকট দাখিল করবেন।

৩। এমতাবস্থায়, সচিবালয় সংযুক্তি কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সদয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

২৫-৯-২০২১

ড. মোঃ মহসীন আলী

পরিচালক (পিপিআর) ও কোর্স পরিচালক সিএমটি-২,

৭২তম এফটিসি

ফোন: ০২২২৪৪৪৬৬০৭

সিনিয়র সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়

দৃষ্টি আকর্ষণঃ যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৪০.২৫.০২২.১৭.১০৭/১

তারিখ: ১০ আশ্বিন ১৪২৮  
২৫ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ১) এমডিএস (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা
- ২) উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৩) উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) উপসচিব, নিরাপত্তা-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (তাকে সংশ্লিষ্ট অনুযায়ী সদস্য ও প্রশিক্ষণার্থীদের সচিবালয়ে প্রবেশের গেইট পাশ ইস্যু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫) পরিচালক (সকল), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা-১৩৪৩।
- ৬) রেক্টর-এর একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা-১৩৪৩ (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭) কোর্স ম্যানেজমেন্ট টিম, ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৮) কোর্স ম্যানেজমেন্ট টিম, ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বিয়াম, ঢাকা; বিয়াম, বগুড়া; নাটা, গাজীপুর; আরডিএ, বগুড়া; বার্ড, কুমিল্লা; পোস্টাল একাডেমি, রাজশাহী; আরপিএটিসি, চট্টগ্রাম।
- ৯) প্রশিক্ষণার্থী (সকল), ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সচিবালয় গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৫-৯-২০২১

ড. মোঃ মহসীন আলী  
পরিচালক (পিপিআর) ও কোর্স পরিচালক  
সিএমটি-২, ৭২তম এফটিসি